অনলাইন ভর্তি প্রক্রিয়ায় সাম্মানিক বিভাগে আবেদনকারীদের জন্য নির্দেশ:

১। আবেদনকারীকে অনুরোধ করা হচ্ছে, অনলাইনে ফর্ম পূর্ণ করতে বসার আগে আবেদনকারী তার জন্ম তারিখের প্রমাণপত্র, ১০+২ শ্রেণীর (বা ঐ স্তরের) এ্যাডমিট কার্ড ও মার্কশিট, শারীরিক প্রতিবন্ধকতা থাকলে তার শংসাপত্র, সংরক্ষিত শ্রেণীর প্রার্থী হলে তার শংসাপত্র ইত্যাদি প্রয়োজনীয় নথি তার কাছেই রাখবেন।

২। পরবর্তীকালে যোগাযোগের জন্য আবেদনকারীর অবশ্যই একটি বৈধ ই-মেল আইডি ও একটি মোবাইল ফোন নম্বর থাকতে হবে। আবেদনকারীকে নিশ্চিত করতে হবে যে ভর্তি প্রক্রিয়া শেষ হওয়া পর্যন্ত এই ই-মেল আইডি ও মোবাইল নম্বর চালু থাকবে। একটি মোবাইল নম্বর ও ইমেল আইডি একজন আবেদনকারীই ব্যবহার করতে পারবে।

৩। আবেদনপত্র পূর্ণ করার সময় আবেদনকারীকে একটি স্বয়ং প্রত্যয়িত(ছবির মাঝ বরাবর নিজের সই করা) রঙিন পাসপোর্ট ছবির (সাইজ ১০০ কেবিএস এর বেশি নয়) সফট কপি আপলোড করতে হবে। তাই আবেদনকারীকে নিজের সই করা নিজের একটি রঙিন পাসপোর্ট ছবির সফ্ট কপি(jpg) সঙ্গে রাখতে অনুরোধ করা হচ্ছে।

৪। রেজিস্ট্রেশন/এডমিশন ফর্ম পূর্ণ করার সময় আবেদনকারীরকে যথেষ্ট গুরুত্ব দিতে অনুরোধ করা হচ্ছে। মোট নম্বর(এগ্রিকেট) গণনায় কোন রকম ভুল বা কোন ভুল তথ্য প্রদান বা নির্দেশিকা অনুসরণ না করার জন্য কোন ভুল ঘটলে স্বয়ং আবেদনকারী দায়ি থাকবে। সে রকম ক্ষেত্রে ভর্তির পুরো টাকা জমা দিলেও তার ভর্তি বাতিল হবে।

৫। সঠিক স্থানে বিষয়ের নম্বর সঠিক ভাবে লেখো। কারণ সবচেয়ে ভালো পাঁচটি নম্বরের যোগফলের ভিত্তিতেই মেরিট প্যানেল তৈরী হবে।

৬। ২০১৮-১৯ সেশনে বিভিন্ন কোর্সে আবেদনের জন্য (অনার্স ও পাশ পৃথক ভাবে) আমদের এ্যাডমিশন পোর্টাল http://www.surividyasagarcollege.inএ ঢুকে 'apply now' বোতামে ক্লিক করো। ভেতরে ঢুকে নোটিশ ও রুলস পড়ো। একজন ছাত্র/ছাত্রী একটি রেজিস্ট্রেশন থেকে সর্বোচ্চ চারটি বিষয়ে অনার্সের জন্য আবেদন করতে পারবে। প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে প্রতিবন্ধকতার ধরণ (PWD/PH/PC) ও শতাংশ লিখতে হবে। হাই মাদ্রাসা (ফাজিল) থেকে পাশ করা প্রার্থীদের থিয়োলজি এবং ইনভায়রোনমেন্টাল এডুকেশন এর নম্বর এগ্রিকেট কেলকুলেশন এর মধ্যে ঢোকাতে নিষেধ করা হচ্ছে।

আবেদনপত্র পূর্ণ করার জন্য নিচের ধাপগুলি অনুসরণ করুন।

১। প্রথমে surividyasagarcollege.in ওয়েবসাইটে ঢুকে ' Admission 2018' বোতামে ক্লিক করুন। ক্লিক করলে online application and Admission পাতাটি খুলে যাবে। সেখানে 'নোটিশ' গুলি পড়ুন ও আবেদনের 'রুলস' মনযোগ সহ পড়ুন।

২। ঐ পাতার ' স্টুডেন্ট লগিং' বোতামটি ক্লিক করুন। প্রথমেই আপনার নাম, মোবাইল নম্বর ও ইমেল আইডি লিখে সাবমিট করুন। আপনার মোবাইলে ও ইমেলে দুটি পৃথক ওটিপি আসবে।

সেগুলির দিয়ে আপনার মোবাইল ও ইমেল রেজিস্ট্রেশন হবে। এই মোবাইল নম্বর ও ইমেল এই কলেজে এই কোর্সের (পাশ/অনার্স) জন্য আর কেউ ব্যবহার করতে পারবে না।

৩। মোবাইল ও ইমেল ভেরিফিকেশনের পর যে পাতাটি খুলবে সেখানে রেজিস্ট্রেশন অংশে পাশ/ অনার্স যে কোন একটিতে ক্লিক করুন। সেখানে আপনার ক্যাটাগরিতে (জেনারেল, এসসি, এসটি ইত্যাদি) ক্লিক করলে শূন্যস্থানসহ ফর্মটি চোখের সামনে খুলে যাবে। আবেদনকারীকে পরামর্শ দেওয়া হচ্ছে, সতর্কভাবে আবেদনপত্রটি পূর্ণ করুন। ফর্মে নাম, মোবাইল নম্বর, ইমেল, ও ক্যাটাগরি পরিবর্তন করা যাবে না।

৪।

ক। নামটি লেখাই থাকবে।

খ। মাধ্যমিকের শংসাপত্র অনুসারে বাবার নাম লিখুন।

গ। পুরুষ/ স্ত্রী/ লিঙ্গান্তরিত(transgender) একটি বেছে নিন। transgenderটি উচ্চশিক্ষা দপ্তরের নির্দেশে রাখা হয়েছে।

ঘ। ফটো আপলোড করুন। সাইজ ১০০kbs এর মধ্যে, রঙিন, jpg ফর্মেটে, কোনাকুনিভাবে নিজের সই করা।

ঙ। "contact number" এর স্থানে বৈধ মোবাইল নম্বর ও একটি বৈধ ই-মেল ঠিকানা সংযুক্ত করাই থাকবে।

চ। যোগাযোগের জন্য আপনার সথায়ী ঠিকানা লিখুন, পিন নম্বর সহ। (চিরকালের অফিস রেকর্ডের জন্য)।

ছ। সময়কাল নির্বাচন করুন: ২০১৮-১৯(এই বছরের জন্য)

জ। নাম ও জন্ম তারিখ লিখুন : মাধ্যমিকের এ্যাডমিট/ মাধ্যমিকের সার্টিফিকেট অনুসারে।

ঝ। মায়ের নাম লিখুন।

ঞ। শ্রেণী (category) নির্বাচন লেখাই থাকবে : তপশিলি জাতি/ উপজাতি/ অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণী এ/বি

ট। যদি আপনি না-সক্ষমতাযুক্ত ব্যক্তি(PWD) হন, বা শারীরিকভাবে অক্ষম (PH)/ শারীরিক প্রতিদ্বন্দ্বিতাযুক্ত(PC) ব্যক্তি হিসাবে উপযুক্ত শংসাপত্র থাকে তবে PWD বোতামে ক্লিক করুন ও PWD-র শতাংশ লিখুন।

ঠ। ঠিকানাতে প্রযত্নে (c/o) অবশ্যই নিজের বাবা/মা/স্থানীয় অভিভাবক-এর নাম লিখুন। নিজের গ্রাম বা শহরের নাম লিখুন।

ড। উপযুক্ত স্থানে পোষ্টঅফিস ও জেলার নাম লিখুন। রাজ্য ও দেশের নাম এবং পিন নম্বর লিখুন।

ঢ। উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর সাল সহ, রোল নম্বর, পাশ করার বছর, বোর্ড/কাউন্সিলের নাম (পুরো নাম যেমন- WBCHSE-র স্থানে WEST BENGAL COUNCIL FOR HIGHER SECONDARY EDUCATION বা CBSE-র স্থানে CENTRAL BOARD OF SECONDARY EDUCATION) ড্রপ ডাউন থেকে সিলেক্ট

করুন।

নামের বানান, **উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর সাল সহ, রোল নম্বর, পাশ করার বছর ইত্যাদি বিশেষ গুরুত্ত সহকারে লিখতে অনুরোধ করা হচ্ছে। নাম, ক্যাটাগরি, মোবাইল ও ইমেল এর কোন ‘EDIT" option নেই।**

গ। মোট নম্বর(aggregate) হিসাবের জন্য ড্রপ ডাউন মেনু থেকে প্রথম ভাষা, দ্বিতীয় ভাষা ও তিনটি সেরা ইলেকটিভ বিষয় বাছাই করুন। নির্দিষ্ট স্থানে বিষয়গুলির মোট নম্বর এবং আপনার প্রাপ্ত নম্বর লিখুন। এ জন্য আপনার উচ্চমাধ্যমিক(বা সমতুল)এর মার্কশিট হাতের কাছে রাখুন। যে আবেদনকারী শুধু মাত্র একটি ভাষা বিষয়ের পরীক্ষা দিয়েছেন, তিনি ঐ নম্বরটিই দুবার প্রথমভাষা ও দ্বিতীয়ভাষার ঘরে লিখুন। প্রতিটি বিষয়ের পূর্ণমাণ ১০০। যদি উচ্চমাধ্যমিক(বা সমতুল) পরীক্ষার বর্ধমান বিশ্ববিদ্যালয় স্বীকৃত কোনো কাউন্সিল/বোর্ড কোনো বিষয়ে ৫০/৭৫/বা অন্য কোনো পূর্ণমানের পরীক্ষা নিয়ে থাকে তবে আবেদনকারী তাঁর প্রাপ্ত নম্বর ১০০ র অনুপাত বজায় রেখে পরিবর্তন করে বাড়িয়ে লিখবেন। অন্যদিকে কোনো বোর্ড/কাউন্সিল কোনো বিষয়ে১০০র বেশি পূর্ণমাণের পরীক্ষা নিলে আবেদনকারী তাঁর প্রাপ্ত নম্বর ১০০র অনুপাত বজায় রেখে পরিবর্তন করে কমিয়ে লিখবেন।

উচ্চ মাদ্রাসা থেকে আসা আবেদনকারী আবেদন করার সময় Theology ও ইসলামিক স্টাডিজ Environmental Education এবং বাকি সকলকে Environmental Educationবিষয়ের নম্বর বাদ দিয়ে Aggregate Calculate করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

উদাহরণ -১ Mark Sheet

Subject	Full Marks	Marks Obtained
Bengali	100	55
English	100	56
Sanskrit	100	57
Pol. Sc.	100	58
History	100	59

অনলাইন ভর্তিতে নম্বর এভাবে লিখবেন:

	Subject	Full Marks	Marks Obtained
1st. Language	Bengali	100	55
2nd. Language	English	100	56
1st. Elective sub.	Sanskrit	100	57
2nd. Elective sub.	Pol. Sc.	100	58
3rd. Elective sub.	History	100	59

উদাহরণ-২ **Mark Sheet**

Subject	Full Marks	Marks Obtained
English	100	55
Biology	100	57
Physics	100	58
Chemistry	100	59

অনলাইন ভর্তিতে নম্বর এভাবে লিখবেন:

	Subject	Full Marks	Marks Obtained
1st. Language	English	100	55
2nd. Language	English	100	55
1st. Elective sub.	Biology	100	57
2nd. Elective sub.	Physics	100	58
3rd. Elective sub.	Chemistry	100	59

উদাহরণ-৩ **Mark Sheet**

Subject	Full Marks	Marks Obtained
Hindi	50	37
English	50	26
Sanskrit	100	57
Philosophy	100	58
History	100	59

অনলাইন ভর্তিতে নম্বর এভাবে লিখবেন:

	Subject	Full Marks	Marks Obtained
1st. Language	Hindi	100	74
2nd. Language	English	100	52
1st. Elective sub.	Sanskrit	100	57
2nd. Elective sub.	Philosophy	100	58
3rd. Elective sub.	History	100	59

উদাহরণ- ৪ **Mark Sheet**

Subject	Full Marks	Marks Obtained
English	50	26
Sanskrit	100	57
Pol. Sc.	100	58
History	100	59

অনলাইন ভর্তিতে নম্বর এভাবে লিখবেন:

	Subject	Full Marks	Marks Obtained
1st. Language	English	100	52
2nd. Language	English	100	52
1st. Elective sub.	Sanskrit	100	57
2nd. Elective sub.	Pol. Sc.	100	58
3rd. Elective sub.	History	100	59

উদাহরণ -৫ **Mark Sheet**

Subject	Full Marks	Marks Obtained
English	150	95
Mathematics	200	120
Physics	200	125
Chemistry	200	132

অনলাইন ভর্তিতে নম্বর এভাবে লিখবেন:

	Subject	Full Marks	Marks Obtained
1st. Language	English	100	63.33
2nd. Language	English	100	63.33
1st. Elective sub.	Mathematics	100	60
2nd. Elective sub.	Physics	100	62.5
3rd. Elective sub.	Chemistry	100	66

উদাহরণ -৬

Mark Sheet

Subject	Full Marks	Marks Obtained
English	100	67
Bengali	100	76
Accountancy	100	70
Business Org.	100	90
Business Eco & math.	100	85

অনলাইন ভর্তিতে নম্বর এভাবে লিখবেন:

	Subject	Full Marks	Marks Obtained
1st. Language	English	100	67
2nd. Language	Bengali	100	76
1st. Elective sub.	Accountancy	100	70
2nd. Elective sub.	Business Org.	100	90
3rd. Elective sub.	Business Eco & math.	100	85

উদাহরণ -৭

Mark Sheet

Subject	Full Marks	Marks Obtained
Urdu	100	67
Bengali	100	76
Arabic	100	70
Islamic History	100	90
Islamic Studies	100	85

অনলাইন ভর্তিতে নম্বর এভাবে লিখবেন:

	Subject	Full Marks	Marks Obtained
1st. Language	Urdu	100	67
2nd. Language	Bengali	100	76

1st. Elective sub.			
2nd. Elective sub.	Islamic History	100	90
3rd. Elective sub.	Islamic studies	100	85

ত। সতর্কভাবে বিষয়ের নম্বর সংযুক্ত করার পরে, আবেদনকারী তার নিজের পছন্দ অনুসারে সর্বাধিক চারটি সাম্মানিক বিষয় পছন্দ করতে পারবেন। যদি কোনো আবেদনকারী চারটির কম বিষয়ে আবেদন করতে চান তবে তিনি সেই বিষয়ের স্থানগুলি ফাঁকা রেখে দেবেন।

সাম্মানিক বিষয়ে আবেদনের ক্ষেত্রে 'marks obtained' কলামে নিম্নলিখিত নিয়ম অনুসারে আবেদনকারীকে নম্বর লিখতে অনুরোধ করা হচ্ছে।

ক্রম	বিষয়ের নাম	নির্বাচিত সাম্মনিক বিষয়ে marks obtained কলামে যে নম্বর লিখতে হবে
1	বাংলা, ইংরেজি, সংস্কৃত,আরবি, ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল।	মার্কশিটে ঐ বিষয়ে পাওয়া তার যে নম্বর লেখা আছে।
2	পদার্থবিদ্যা, রসায়ণ, গণিত, উদ্ভিদবিদ্যা, প্রাণীবিদ্যা, শারীরবিদ্যা, অনুজীববিদ্যা	প্র্যাক্টিকেলসহ ঐ বিষয়ে সে মোট যত নম্বর পেয়েছে। অর্থাৎ যদি সে রসায়ণে থিয়োরিতে ৬৫(৮০র মধ্যে) ও প্র্যাক্টিকেলে ১৮(২০র মধ্যে)পেয়ে থাকে তাহলে রসায়ণ সম্মানিকের জন্য Marks Obtained কলামে সে ৮৩(৬৫+১৮) লিখবে।
3	মাস কমিউনিকেশন ও জার্নালিজম	দ্বাদশ বা সমতুল শ্রেণীতে বাংলা ও ইংরেজিতে মোট যত নম্বর পেয়েছে তার গড় নম্বর মাস কমিউনিকেশন ও জার্নালিজম সাম্মানিকের জন্য লিখবে।যদি বাংলায় ৮০ ও ইংরেজিতে ৭৫ পায় তবে ৭৭.৫ লিখবে।
4	অর্থনীতি	অর্থনীতি বিষয়ে প্রাপ্ত নম্বর লিখবেন। উচ্চমাধ্যমিকে অর্থনীতি পাঠ্য বিষয় না থেকে গণিত,বা বাণিজ্যিক গণিত বিষয়ে পাশ করলেও অর্থনীতি সাম্মানিকের জন্য আবেদন করা যাবে। তাঁরা গণিত,বা বাণিজ্যিক গণিতে প্রাপ্ত নম্বর লিখবেন। তবে উচ্চমাধ্যমিকে বিষয় হিসাবে গণিত ও তাতে পাশ নম্বর না থাকলে অর্থনীতি সাম্মানিকে আবেদন করা যাবে না।
5	এ্যাকাউনটেন্সি	এ্যাকাউনটেন্সি বিষয়ে প্রাপ্ত মোট নম্বর লিখুন। কলা/বিজ্ঞান শাখার আবেদনকারীরা এ্যাকাউনটেন্সি অনার্স বিষয়ে আবেদন করতে চাইলে গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর লিখবেন। ***Vocational Business and Commerce*** শাখার

		আবেদনকারীরা এ্যাকাউনটেন্সি অনার্স বিষয়ে আবেদন করতে চাইলে আবেদনকারীরা *“Marks Obtained”* কলামে ***Business Mathematics & Statistics*** বিষয়ের নম্বর লিখবেন।

থ। সবশেষে ' I aggree and save' বোতাম ছুঁয়ে 'submit' এর দ্বারা তথ্যজ্ঞাপন প্রক্রিয়া সম্পূর্ণ হবে অর্থাৎ ফর্ম ফিলাপ শেষ হল। ওয়েব পেজে দেখা যাবে “Record Successfully Saved” সেইসঙ্গে ইউসার নেম, পাসওয়ার্ড,ও ইউনিক আইডি দেখা যাবে। ভবিষ্যতে ব্যবহারের জন্য এগুলি তৎখনাৎ লিখে রাখুন। পরে এই পাতায় ঢুকতে হলে এই ওয়েবসাইটের Online Admission ক্লিক করে Student Panel বোতামে ক্লিক করলে এই তথ্য ব্যবহার করে ফর্ম এডিট ও টাকা পেমেন্ট করা যাবে। এখন Form Edit করার জন্য বা Registration Fee Pay করার জন্য Login করুন।

দ। টাকা দেওয়ার দুটি পদ্ধতি দেখা যাবে,Offline/Online ।**অফ লাইনে** পেমেন্ট করার জন্য ক্লিক করলে একটি চালান দেখা যাবে। চালানটি প্রিন্ট করুন ও ইউকো ব্যাঙ্কের যে কোনো শাখায় গিয়ে টাকা জমা দিন। চালানের তিনটি অংশ, ব্যাঙ্ক তার অংশটি রেখে দুটি অংশ আপনাকে দেবে। কলেজের অংশটি পরে আপনি ফাইনাল ভর্তির সময় কলেজে জমা দেবেন। **অনলাইন** পেমেন্টের জন্য ক্লিক করলে গেটওয়ের মাধ্যমে নেটব্যাঙ্কিং, ডেবিটকার্ড বা ক্রেডিটকার্ডে টাকা জমা দিতে হবে। শেষ একটি Transaction Recipt দেখা যাবে। আবেদনকারীকে টাকা জমা দেওয়ার Transaction Recipt অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে এবং ফাইনাল ভর্তির সময় এই প্রিন্টেড রসিদ কলেজে অবশ্যই জমা দিতে হবে।

ধ। রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার সঙ্গে সঙ্গেই রেজিস্ট্রেশনের কাজ শেষ।

ন। টাকা জমার পর আর আপনি ফর্ম এডিট করতে পারবেন না।

৫। এই পদ্ধতি কয়েক দিনের জন্য চালু থাকবে। রেজিস্ট্রেশন শুরু ও শেষ হওয়ার তারিখ

নোটিশে জানানো হবে। এই রেজিস্ট্রেশন পদ্ধতি শেষ হওয়ার পর কলেজ বিষয় অনুসারে, ক্যাটাগরি অনুসারে অনলাইনে ১ম,২য়,৩য় মেধাতালিকা (কলেজের ভর্তির ক্ষমতা অনুসারে) প্রকাশ করবে। বিষয় ও ক্যাটাগরি অনুযায়ী কলেজের ভর্তি ক্ষমতা কলেজ প্রসপেকটাসে (College Prospectus) ও এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬। নির্দিষ্ট দিনে এই ওয়েবসাইট খুললেই মেধাতালিকা দেখা যাবে। মেধা তালিকায় আপনার নাম থাকলে এই ওয়েবসাইটে Login করে ‘‘**ADMISSION**’’ বোতামে ক্লিক করলে ভর্তির ফর্মটি নিজেই হাজির হবে। যদি কিছু লাইন ফাঁকা থাকবে, তা আবেদনকারীকে পূর্ণ করতে হবে। পূর্ণ করুন ও সম্পূর্ণ ফর্মটি ভালভাবে মিলিয়ে নিন। এবার Fee Payment অপশানে ক্লিক করুন। Offline বোতাম ক্লিক করলে **Admission Fee Payment** চালানটি নিজেই দেখা দেবে(অফলাইন পেমেন্টের জন্য)। ফি এর টাকার হিসাব নিজে নিজেই হয়ে যাবে। অফ লাইনে পেমেন্ট করার জন্য চালানটি প্রিন্ট করুন ও ইউকো ব্যাঙ্কের যে কোনো শাখায় গিয়ে ভর্তি ফি জমা দিন। চালানের তিনটি অংশ, ব্যাঙ্ক তার অংশটি রেখে দুটি অংশ আপনাকে দেবে। কলেজের অংশটি পরে আপনি ফাইনাল ভর্তির সময় কলেজে জমা দেবেন। **অনলাইন পেমেন্টের** জন্য গেটওয়ে পদ্ধতি ব্যবহার করুন। অনলাইন পেমেন্টে ট্রানজাংশান আই.ডি-টি লিখে রাখুন। গেটওয়ের মাধ্যমে নেটব্যাঙ্কিং, ডেবিটকার্ড বা ক্রেডিটকার্ডে টাকা জমা দিতে হবে। শেষ একটি Transaction Recipt দেখা যাবে। আবেদনকারীকে টাকা জমা দেওয়ার Transaction Recipt অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে এবং ফাইনাল ভর্তির সময় এই প্রিন্টেড রসিদ কলেজে অবশ্যই জমা দিতে হবে। ফি-এর পরিমাণ কলেজ প্রসপেকটাস থেকে জানা যাবে। প্রার্থীর প্রতি আবেদন কোনো ত্রুটি নজরে এলে কলেজ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করুন।

৭। ভর্তি ফি জমা দেওয়ার পর কমপক্ষে এক দিন অপেক্ষা করুন। আবার Login করে এ্যাডমিশন ফর্মটির প্রিন্ট নিন (A4 সাইজে দুই কপি)। কারণ তার অগে ফর্মটি প্রিন্ট করা যাবে

না। **Offline** আবেদনকারী প্রিন্টেড এ্যাডমিশন ফর্ম দুই কপি, ব্যাঙ্কে টাকা জমার চালান রসিদ দুটি (একটি ফর্ম রেজিস্ট্রশন ফি, অন্যটি এ্যাডমিশন ফি) নিয়ে এবং ফর্ম ফিলাপের সময় যে সমস্ত মার্কসিট, সার্টিফিকেট থেকে তথ্য দিয়েছেন তার সমস্ত আসলগুলি নিয়ে ভেরিফিকেশনের জন্য কলেজে সাক্ষাৎ করুন। **Online** এর আবেদনকারী প্রিন্টেড এ্যাডমিশন ফর্ম দুই কপি, বিলডেস্ক গেটওয়ে থেকে পাওয়া Transaction Recipt দুটি (একটি ফর্ম রেজিস্ট্রশন ফি, অন্যটি এ্যাডমিশন ফি) নিয়ে এবং ফর্ম ফিলাপের সময় যে সমস্ত মার্কসিট, সার্টিফিকেট থেকে তথ্য দিয়েছেন তার সমস্ত আসলগুলি নিয়ে ভেরিফিকেশনের জন্য কলেজে সাক্ষাৎ করুন (ভেরিফিকেশনের দিন ও সময় নোটিশ দিয়ে জানানো হবে)। যদি আপনার দেওয়া তথ্যের সঙ্গে প্রদত্ত আসলগুলি মিলে যায় তবেই আপনার ভর্তি কনফার্ম হবে, ভুল তথ্য থাকলে তা বিবেচনা করে ভর্তি বাতিল করার ক্ষমতা কলেজের থাকবে।

৮।এবার আপনার ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হল।

৯। ভর্তির সমস্ত নিয়ম পড়ে ও বুঝে টাকা জমা দিন। নিয়ম লঙ্ঘন করে কেউ ভর্তি হলে পরে তা বাতিল হবে এবং কোন টাকা ফেরৎ পাওয়া যাবে না।